

## গোপালগঞ্জ ধান গবেষণা কেন্দ্রে নবান্ন উৎসব

আপডেট টাইম : বুধবার, ১৭ নভেম্বর, ২০২১



বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট গোপালগঞ্জ আঞ্চলিক কার্যালয়ে নবান্ন উৎসব অত্যন্ত জাকজোমক ভাবে উদযাপন করা হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সিনিয়র সাইন্টিফিক অফিসার ও ধান গবেষণা ইনস্টিটিউট গোপালগঞ্জ আঞ্চলিক কার্যালয়ের প্রধান ড. মোহাম্মদ

জাহিদুল ইসলাম। এ সময় সাইন্টিফিক অফিসার ফারুক হোসেন খানসহ ধান গবেষণা ইনস্টিটিউট গোপালগঞ্জ আঞ্চলিক কার্যালয়ে কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকবৃন্দ উপস্থিত ছিলেন। নতুন ধানের চাল দিয়ে তৈরী রকমারী পিঠা



দিয়ে উপস্থিত সবাইকে আপ্যায়ন করা হয়। নবান্ন অনুষ্ঠান নিয়ে সিনিয়র সাইন্টিফিক অফিসার ও ধান গবেষণা ইনস্টিটিউট গোপালগঞ্জ আঞ্চলিক কার্যালয়ের প্রধান ড. মোহাম্মদ জাহিদুল ইসলাম বলেন, বাংলার কৃষিজিবি সমাজে শস্য উৎপাদনের বিভিন্ন পর্যায়ে যে সকল আচার-অনুষ্ঠান ও উৎসবের আয়োজন করা হয়, নবান্ন তার মধ্যে অন্যতম। নবান্ন উৎসব হল নতুন আমন ধান কাটার পর সেই ধান থেকে প্রস্তুত চালের প্রথম রান্না উপলক্ষে আয়োজিত উৎসব। সাধারণত অগ্রহায়ণ মাসে আমন ধান পাকে। তারপর ধান কেটে নতুন চাল দিয়ে এই উৎসব

করা হয়। সেখানে আমন ধানের পিঠা সহ আবহমান বাংলার ঐতিহ্যবাহী লালিত বিভিন্ন ধরনের খাবার পরিবেশন করা হয়।